

## ফতওয়া নং ২৮৯

### প্রশ্ন:

আসসালামু আলাইকুম মুহতারাম হজরত আমার প্রশ্ন মাসজিদে ইশার নামাজ সবে মাত্র শুরু হয়েছে ইমাম সাহেব সুরা ফাতিহা শেষ করে অন্য সুরা শুরু করেছে আমি জামাতে শরিক হলাম তাকবির তাহরিমা বাঁধলাম তার পরে কি দোয়া সানা পরবো না ইমামের কেয়াত মন দিয়ে সুনতে হবে কুরআন হাদীস থেকে জানালে খুশি হতাম।

### উত্তর:

যদি ইমাম জাহরী কেয়াআত করতে থাকে, তাহলে মুক্তাদির উচিত নিয়্যত বেঁধে সানা না পড়ে চুপচাপ দাড়িয়ে মনোযোগ সহকারে ইমামের কেয়াআত শুনতে থাকা। আর যদি ইমাম সিরী কেয়াআত করতে থাকে বা এখনো কেয়াআত আরম্ভ না করে থাকে, তাহলে নিয়্যত বাঁধার পরই সানা পড়ে নেওয়া উচিত। (শামী সহ দুর্বেমুখতার ২/১৮৯,১৯০)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১৫ শাবান, ১৪৪৫ হিজরী (25/02/2024)